

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫১৯৬

আগরতলা, ১৪ মার্চ, ২০২৪

অর্থ ও পরিসংখ্যান দপ্তরের বহুতলবিশিষ্ট ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন  
সঠিক পরিকল্পনার জন্য চাই সঠিক পরিসংখ্যান : পরিসংখ্যানমন্ত্রী

সঠিক পরিসংখ্যান ছাড়া উন্নয়ন কর্মসূচির পরিকল্পনা তৈরি ও রূপায়ণ সম্ভব নয়। সঠিক পরিকল্পনার জন্য চাই সঠিক পরিসংখ্যান। আজ আগরতলার শংকর চৌমুহনিত্তে অর্থ ও পরিসংখ্যান দপ্তরের অধিকর্তার কার্যালয়ে অর্থ ও পরিসংখ্যান দপ্তরের বহুতলবিশিষ্ট ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করে পরিসংখ্যানমন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে পরিসংখ্যানমন্ত্রী বলেন, অর্থ ও পরিসংখ্যান দপ্তর সরকারের একটি গুরুত্বপূর্ণ দপ্তর। সঠিক পরিসংখ্যানের উপর নির্ভর করেই সরকার উন্নয়ন কর্মসূচির কর্মপরিকল্পনা তৈরি করে। এজন্যই এই দপ্তরের একটি উন্নত পরিকাঠামো গড়ে তোলার উদ্যোগ নিয়েছে সরকার। রাজ্যের অন্যান্য জেলাগুলিতেও এই দপ্তরের উন্নত পরিকাঠামো গড়ে তোলা হবে। দপ্তরের কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণেরও ব্যবস্থা করা হবে। উল্লেখ্য, বহুতলবিশিষ্ট এই ভবন নির্মাণে প্রাথমিকভাবে ৭.৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অর্থ ও পরিসংখ্যান দপ্তরের অধিকর্তার কার্যালয়ে ৪০০ স্কয়ারফুট জায়গায় এই বহুতল বিশিষ্ট ভবনটি নির্মাণ করা হবে।

ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে বিভিন্ন দপ্তরে উন্নত পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের কর্পোরেটর অভিষেক দত্ত। স্বাগত বক্তব্য রাখেন পরিসংখ্যান দপ্তরের সচিব অভিষেক চন্দ্রা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন দপ্তরের অধিকর্তা দেবানন্দ রিয়াং।

\*\*\*\*\*